**বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি**

**অবসর ভবন**

৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯

ফোন ঃ ৯১১৯২০৮, ৯১১৪৮৫৮।

**Website : www.brgewa.com**


---

## বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০১৮ ও ২০১৯ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ অবসর ভবন।

তারিখ ঃ ১৩ নভেম্বর, ২০১৮।

সময় ঃ পূর্বাহ্ন ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব আব্দুল্লাহ হারুন পাশা।

সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

**সভায় কার্যনির্বাহী কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুল মান্নান | সহ-সভাপতি |
| ২. | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর | মহাসচিব |
| ৩. | জনাব এ,কে, শামসুল হক | কোষাধ্যক্ষ |
| ৪. | জনাব মোঃ আনিসুজ্জামান | যুগ্ম-মহাসচিব |
| ৫. | জনাব এম মিজানুর রহমান | সদস্য |
| ৬. | জনাব মোঃ আমান উল্লাহ | ” |
| ৭. | জনাব মোঃ এনায়েত হোসেন | ” |
| ৮. | জনাব মোঃ আব্দুল হাই | ” |
| ০৯. | জনাব ফেরদৌস পারভীন | ” |
| ১০. | জনাব খান এম ইব্রাহীম হোসেন | ” |
| ১১. | জনাব সামসাদ বেগম | ” |
| ১২. | জনাব মোঃ ফজলুল হক | ” |
| ১৩. | ড. দীপক কান্তি চৌধুরী (ডি. কে চৌধুরী) | ” |
| ১৪. | জনাব মোঃ মাহে আলম | ” |
| ১৫. | জনাব মোঃ মাহবুর হোসেন | ” |
| ১৬. | শেখ হাসিবুর রহমান | ” |
| ১৭. | জনাব মোঃ আবদুস সাত্তার শেখ | বিভাগীয় প্রতিনিধি,ঢাকা-১ |
| ১৮. | অধ্যাপক মোঃ ফজলুল হক | বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-২ |
| ১৯. | আলহাজ্ব মোঃ আবদুর রাজ্জাক | বিভাগীয় প্রতিনিধি, ময়মনসিংহ |
| ২০. | জনাব মোঃ আরফান আলী | বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-১ |
| ২১. | অধ্যক্ষ প্রফেসর কাজী মুহাম্মদ রফিকউল্লাহ | বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-২ |
| ২২. | খন্দকার মিজানুর রহমান (বীরমুক্তিযোদ্ধা) | বিভাগীয় প্রতিনিধি, খুলনা |
| ২৩. | জনাব মোঃ জাহাঙ্গীর আলী | বিভাগীয় প্রতিনিধি, রাজশাহী |
| ২৪. | জনাব মোঃ বেলায়েত হোসেন খান | বিভাগীয় প্রতিনিধি, বরিশাল |
| ২৫. | জনাব মোঃ মনোয়ার হোসেন | বিভাগীয় প্রতিনিধি, রংপুর |

সভাপতি উপস্থিত সকলকে সাদর সম্ভাষণ জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালিত হয় ঃ

**আলোচ্যসূচি- ১ ঃ <u>প্রয়াত সদস্যগণের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত।</u>**

সভাপতির আহ্বানক্রমে পরিচালক (প্রশাসন) বিগত কার্যনির্বাহী কমিটির সভার পর যে সকল সদস্যের ইন্তেকালের সংবাদ পাওয়া গিয়েছে তাঁদের নাম সভায় পাঠ করে শুনান। অতঃপর তাঁদের ও জানা অজানা সকল পরলোকগত সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক মোনাজাত পরিচালনা করেন।

**আলোচ্যসূচি- ২ ঃ <u>বিগত ৩০ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমিতির কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।</u>**

বিগত ৩০ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমিতির কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভাপতি উপস্থিত সদস্যদের মতামত আহ্বান করলে উপস্থিত সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি- ৩ ঃ <u>বিগত ৩০ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন সম্পর্কে পর্যালোচনা।</u>**

সভাপতির নির্দেশক্রমে সমিতির পরিচালক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন ঃ

(১) প্রয়াত সদস্যগণের পরিবারের নিকট শোক প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(২) সমিতির উত্তরার জমির নামজারীর লক্ষ্যে অনলাইনে আবেদন করা হয়েছে। ইতোমধ্যে নামজারীর জন্য শুনানীর তারিখ নির্ধারিত হয়েছে। শুনানী শেষে নামজারীর কার্যক্রম সম্পন্ন হবে।

(৩) উন্নয়ন উপ-কমিটির চেয়ারম্যান উত্তরার জমির ডিজিটাল নকশা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবেন এবং জমিটিতে প্রাচীরের নির্মাণের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে দায়িত্ব অর্পণ করা হয়েছে।

(৪) সমিতির অন্তঃকক্ষ ক্রীড়া অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে এবং জনাব মোঃ শফিকুল ইসলামকে ক্রীড়া উপ-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(৫) সমিতির স্থায়ী আমানত হিসাবে রক্ষিত এফ.ডি.আর সংখ্যা পর্যায়ক্রমে কমানোর ব্যবস্থা নেয়া হচ্ছে।

(৬) সমিতির কল্যাণ কার্যক্রমের আওতায় শিক্ষাবৃত্তি এককালীন অনুদান এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগ খাতে শেষ কিস্তিতে অর্থ মঞ্জুরীর লক্ষ্যে অদ্যকার সভায় উক্ত উপ-কমিটির সুপারিশ উপস্থাপন করা হয়েছে।

(৭) সময়ের চাহিদা মোতাবেক সমিতির চাকরিবিধি, নিয়োগবিধি ও অর্গানোগ্রাম পুনর্বিন্যাস করার লক্ষ্যে নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। নিয়োগ,বেতন ও বিধি কমিটি এতদসংক্রান্ত বিষয়ে

গৃহীত সিদ্ধান্ত অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে। সংরক্ষণ প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমানকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

(৮) সমিতির জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইটটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে।

(৯) জনাব মোঃ মাহবুব হোসেন(আ-১৪৪৭) ও শেখ হাসিবুর রহমান(আ-১৪২৭) কে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে সহযোজন করা হয়েছে।

(১০) বিগত সভায় অনুমোদিত আবেদনকারীদেরকে সদস্যভুক্তি সংক্রান্ত বিষয়টি অবহিত করা হয়েছে। ইতোমধ্যে প্রায় অনেকেই সমিতির সদস্যভুক্ত হয়েছেন।

**আলোচ্যসূচি- ৪ ঃ <u>ক্রীড়া উপ-কমিটির ১১ সেপ্টেম্বর ও ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন</u>।**

ক্রীড়া উপ-কমিটির ১১ সেপ্টেম্বর ও ৩১ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(ক) সমিতির অন্তঃকক্ষ ক্রীড়া অনুষ্ঠান খাতে ২০১৮ সালে কোন অর্থ বাজেটে বরাদ্দ না থাকায় উক্ত খাতে টাঃ ৭০,০০০/- (সত্তর হাজার) সংশোধিত বাজেট খাতে বরাদ্দ রাখা।

(খ) বার্ষিক ক্রীড়া-২০১৮ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র ও ক্রীড়াসূচি অনুমোদন।

(গ) বার্ষিক ক্রীড়া-২০১৮ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ঢাকা- ১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসকে আমন্ত্রণ জানানো।

(ঘ) সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে সকালের নাস্তা হিসেবে কলা- (১টি), বনরুটি (২টি), ডিম (১টি) ও পানি (১টি) প্রদান।

**আলোচ্যসূচি- ৫ ঃ <u>নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ২০ সেপ্টেম্বর ও ০৬ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন</u>।**

নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ২০ সেপ্টেম্বর ও ০৬ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ ব্যাখ্যাসহকারে পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) রেডিওলজি বিভাগ চালুর জন্য নিম্নোক্ত নতুন পদ সৃষ্টি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | রেডিওলজিস্ট | ১ | অনুমোদিত। |
| ২. | রেডিওগ্রাফার (মহিলা-১) | ১ | অনুমোদিত। |
| ৩. | কম্পিউটার অপারেটর | ১ | অনুমোদিত। |
| ৪. | রেডিওলজি এ্যাটেনডেন্ট | ১ | অনুমোদিত। |
| ৫. | ল্যাব এ্যাটেনডেন্ট | ১ | পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখ্যা প্রদান করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | রিসেপসনিস্ট-কাম-কম্পিউটার অপারেটর | ১ | অনুমোদিত হয় নি। |

(খ) সমিতির প্রশাসন শাখা, হিসাব শাখা ও কল্যাণ শাখায় কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং উক্ত শাখাসমূহে নিম্নোক্ত পদসমূহ সৃষ্টি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | কল্যাণ কর্মকর্তা | ১ | পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখা প্রদান করতে হবে। |
| ২. | জনসংযোগ কর্মকর্তা | ১ | অনুমোদিত হয় নি। ভবিষ্যতে হাসপাতাল প্রকল্প চালু হলে বিবেচনা করা হবে। |
| ৩. | সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ | পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখ্যা প্রদান করতে হবে। |
| ৪. | উপ-সহকারী প্রকৌশলী | ১ | পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখ্যা প্রদান করতে হবে। |
| ৫. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ১ | পদ সৃষ্টির ব্যাপারে ব্যাখ্যা প্রদান করতে হবে। |
| ৬. | হিসাব সহকারী | ১ | অনুমোদিত। |
| ৭. | ফটোকপিয়ার মেশিন অপারেটর | ১ | অনুমোদিত। |
| ৮. | ক্লিনার | ১ | অনুমোদিত। |

(গ) সমিতির পরিচালক (কার্যক্রম) পদে নিয়োগ দানের জন্য নিম্নোক্তভাবে নিয়োগ কমিটি গঠনের প্রস্তাব অনুমোদন ঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব আব্দুল্লাহ হারুন পাশা | আহ্বায়ক |
| ২. | জনাব মোঃ আব্দুল মান্নান | সদস্য |
| ৩. | জনাব ইকরাম আহমেদ | ” |
| ৪. | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর | ” |
| ৫. | জনাব এ,কে, শামসুল হক | ” |
| ৬. | জনাব এম মিজানুর রহমান | ” |
| ৭. | জনাব আবদুস সাত্তার খান | ” |

(ঘ) সমিতির চিকিৎসাকেন্দ্রের ডেন্টিস্ট ডাঃ মোঃ সেলিম ইফতেখারের আবেদন এবং তার কাজের অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে প্রচলিত নিয়ম মোতাবেক বেতন বৃদ্ধিসহ তাকে ০১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য সমিতির চিকিৎসা কেন্দ্রের ডেন্টিস্ট পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের সুপারিশ অনুমোদন।

(ঙ) সভায় সমিতির সভাপতি উল্লেখ করেন যে, সমিতির পরিচালক (কার্যক্রম) পদে মোট ১০ জন আবেদনকারীকে সাক্ষাৎকারে আহ্বান করা হয়। এতদসংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণান্তে সাবেক যুগ্ম-সচিব জনাব মোহা ওয়ালিউর রহমানকে সমিতির পরিচালক (কার্যক্রম) পদে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের জন্য সুপারিশ করেছে। এতদপ্রেক্ষিতে, তিনি কার্যনির্বাহী কমিটির সভায় বিষয়টি অনুমোদনের আহ্বান করলে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্যসূচি- ৬ ঃ <u>স্বাস্থ্য উপ-কমিটির ২৫ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।</u>**

স্বাস্থ্য উপ-কমিটির ২৫ সেপ্টেম্বর, তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির চিকিৎসাকেন্দ্রে রেডিওলজি বিভাগ চালুর লক্ষ্যে রেডিওলজি বিভাগ খোলার জন্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ব্যয় অনুমোদন।

(২) প্রকল্প প্রস্তাব মোতাবেক রেডিওলজি বিভাগ চালুর জন্য নিম্নোক্ত জনবল নিয়োগ অনুমোদন ঃ

(ক) রেডিওলজিস্ট - ১ (এক) জন
(খ) রেডিওগ্রাফার- ১ (এক) জন (মহিলা)
(গ) কম্পিউটার অপারেটর- ১ (এক) জন
(ঘ) রেডিওলজি এ্যাটেডেন্ট - ১ (এক) জন

(৩) সমিতির চিকিৎসাকেন্দ্রে বহিরাগত রোগীদের চিকিৎসকের পরামর্শ ফি ২০০/- (দুইশত) টাকায় উন্নীত করা।

**আলোচ্যসূচি- ৭ ঃ উন্নয়ন উপ-কমিটির ২৫ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।**

উন্নয়ন উপ-কমিটির ২৫ অক্টোবর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) নতুন ভবনের sub-station হতে পুরাতন ভবনের সুগন্ধা কমিউনিটি সেন্টার বা অন্য যে কোন দুটি ফ্লোরে বৈদ্যুতিক সংযোগ কাজ বাবদ আনুমানিক ৬.৫ (সাড়ে ছয় লক্ষ) টাকা ব্যয় অনুমোদন।

(২) পুরাতন ভবনে 200KVA Pole Mounted Transformer টির তেল পরিবর্তন Overhauling কাজ ৫ বছর পূর্বে করা হয়েছে বিধায় ইহার Overhauling কাজ অতি সত্ত্বর করা প্রয়োজন। উক্ত ট্রান্সফরমারের Overhauling, Oil Centrifuge, Bushing-Gasket পরিবর্তন ও আনুসাঙ্গিক কাজ বাবদ আনুমানিক টাঃ ১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার) ব্যয় অনুমোদন।

(৩) সমিতির নতুন ভবনের সাব-স্টেশনের HT switchgear, 18 Ltr. Transformer oil Refill & PFI মেরামতসহ আনুষাঙ্গিক কাজ ৭৪,২৯৫/- (চুয়াত্তর হাজার দুইশত পচাঁনব্বই) টাকা ব্যয়ে কার্যক্রম সম্পাদন অনুমোদন।

(৪) উত্তরায় সমিতির অনুকূলে বরাদ্দকৃত ১ বিঘা জমির বাস্তব দখল গ্রহণপূর্বক বেষ্টনী দেয়াল নির্মাণ ও নামজারি ব্যবস্থা গ্রহণ এবং বেষ্টনী দেয়াল নির্মাণের জন্য এতদসংক্রান্ত অনু-কমিটিকে প্রাক্কলন প্রস্তুতের দায়িত্ব অর্পণ। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে অনুরোধ করা হয়। জমিটির ডিজিটাল নকশা প্রণয়নের কাজের দায়িত্ব উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মান্নান স্বয়ং গ্রহণ করেন।

(৫) সমিতির নতুন ভবনের সম্মেলন কক্ষের ছাদ ও সাব-ষ্টেশনের ছাদ হতে পানি নিঃসরণ বন্ধের ব্যবস্থা করা ও পুরাতন ভবনের লিফ্‌ট রুমের সংস্কার বিষয়াদি সম্পর্কে পর্যালোচনান্তে কমিটির সদস্য প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে সম্মেলন কক্ষের ছাদ ও সাব-ষ্টেশনের ছাদ হতে পানি নিঃসরণ বন্ধের ব্যবস্থা করা ও পুরাতন ভবনের লিফ্‌ট রুমের সংস্কার কাজ সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত করার দায়িত্ব অর্পণ।

(৬) সমিতি ভবনে একটি মানসম্পন্ন ক্যান্টিন স্থাপন সম্পর্কে আলোচনান্তে ভবিষ্যতে হাসপাতাল স্থাপন করা হলে ক্যান্টিন চালুর ব্যবস্থা গ্রহণ।

(৭) সমিতির নতুন ভবনে উপরের দিকে আরেকটি ফ্লোর বৃদ্ধি করার বিষয়ে প্রকৌশলী মোঃ আবুল কাশেমকে পরবর্তী সভায় লিখিত মতামত প্রদানের দায়িত্ব অর্পণ।

(৮) সমিতির আজীবন সদস্য জনাব জাফর আহম্মদ (অবঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ই এম বিভাগ, গণপূর্ত) কে উন্নয়ন উপ-কমিটির সদস্য হিসাবে সহযোজন।

**আলোচ্যসূচি- ৮ ঃ <u>প্রকাশনা উপ-কমিটির ০১ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।</u>**

প্রকাশনা উপ-কমিটির ০১ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির অবসর জীবন ম্যাগাজিন জুলাই-ডিসেম্বর, ২০১৮ প্রাপ্ত লেখাগুলো প্রাথমিকভাবে বাছাই করার জন্য সম্পাদনা পরিষদের সদস্যদের মধ্যে বিতরণ করা।

(২) উপ-কমিটির সদস্য জনাব ওয়াসিউজ্জামান আকন্দের প্রস্তাবের প্রেক্ষিতে অবসর জীবন ম্যাগাজিন জুলাই-ডিসেম্বর, ২০১৮ সংখ্যায় ঢাকা সিটির ম্যাপ ছাঁপানো।

**আলোচ্যসূচি-০৯ ঃ <u>ব্যবস্থাপনা উপ-কমিটির ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।</u>**

ব্যবস্থাপনা উপ-কমিটির ০৫ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির বার্ষিক বনভোজন-২০১৮ এর সম্ভাব্য তারিখ আগামী ১৯ জানুয়ারী, ২০১৯ নির্ধারণ।

(২) বনভোজনের স্থান হিসাবে কয়েকটি বনভোজন স্পট পরিদর্শন করে ১টি স্থানকে নির্বাচন করার জন্য সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুরকে আহ্বায়ক করে নিম্নোক্তভাবে গঠিত অনু-কমিটিকে দায়িত্ব অর্পণঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর | আহ্বায়ক |
| ২. | জনাব মোঃ আব্দুল মান্নান | সদস্য |
| ৩. | জনাব মোঃ মহসীন আলী সরদার (বীরপ্রতিক) | ” |
| ৪. | জনাব মোঃ ফজলুল হক | ” |
| ৫. | জনাব মোঃ রফিকুল আলম | ” |
| ৬. | জনাব মোঃ মুজিবুর রহমান | ” |
| ৭. | জনাব জয়নুল আবেদিন | ” |
| ৮. | জনাব মোঃ ফজলে ইলাহী (পরিচালক প্রশাসন) | ” |

(৩) সমিতির বার্ষিক বনভোজন-২০১৮ এর অংশগ্রহণকারীদের চাঁদার হার এবং খাবার মেন্যু নিম্নোক্তভাবে নির্ধারণ ঃ

**(ক) <u>চাঁদার হার</u>**

ক. সমিতির সদস্য স্বামী-স্ত্রী যুগলের জন্য টাঃ ৬০০/-

খ. সমিতির একক সদস্য/পরিবারের সদস্যের জনপ্রতি টা: ৪০০/-

গ. ড্রাইভার (যারা নিজ গাড়িতে যাবেন) জনপ্রতি টা: ৪০০/-

ঘ. যাতায়াত ভাড়া (যারা সমিতির বাসে যাবেন) জনপ্রতি টা: ১০০/-

ঙ. র‍্যাফল কুপন প্রতিটি (ঐচ্ছিক) টা: ৫০/-

একই পরিবার থেকে সর্বোচ্চ ৫ (পাঁচ) জন সদস্য বনভোজনে অংশগ্রহণ করতে পারবেন।

**(খ) খাবার মেন্যু ঃ**

| ক্রমিক নং | নাস্তা ও খাবার মেন্যু | সদস্য সংখ্যা (আনুমানিক) |
|---|---|---|
| ১. | নাস্তা (জনপ্রতি) ঃ | ১২০০ (এক হাজার দুইশত) কম/বেশী। নাস্তা বাসে সরবরাহ করা হবে। |
| | (১) বন রুটি- ২ টি | |
| | (২) কলা-১ টি | |
| | (৩) কমলা - ১টি | |
| | (৪) ডিম সিদ্ধ - ০১ টি | |
| | (৫) খাবার পানি - ১টি - ৫০০ মিঃ লিঃ | |
| | (৬) চা - (পিকনিক স্পটে) | |
| | সরবরাহের সময় ঃ গাড়ীতে নাস্তা সরবারহ করা হবে। | |
| ২. | দুপুরের খাবার (জনপ্রতি) | |
| | (১) উন্নতমানের কালিজিরা চাউলের সাদা পোলাও (৪০০ গ্রাম) | |
| | (২) মোরগের রোষ্ট (জনপ্রতি ৯০০ গ্রাম দেশী মোরগের চার ভাগের এক অংশ) | |
| | (৩) খাসির রেজালা (২০০ গ্রাম) | |
| | (৪) মাছ দোপেঁয়াজী ১ পিছ (১০০ গ্রাম) | |
| | (৬) মিক্সড ভেজিটেবল (ফুলকপি, মটরশুটি, সীম, নূতন আলু) (১৫০ গ্রাম) | |
| | (৭) সালাদ (টমেটো, খিরা, গাজর, পিয়াজ) | |
| | (৮) পানি - ১টি (৫০০ মিঃ লিঃ) | |
| | (৯) দই - জনপ্রতি ১ কাপ (১৫০ গ্রাম) | |
| | (১০) মিষ্টি- ১টি | |
| | সরবরাহের সম্ভাব্য সময় ঃ দুপুর ১.৩০ মিঃ | |
| ৩. | বিকালে - চা | |

**আলোচ্যসূচি- ১০ ঃ কল্যাণ উপ-কমিটির ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠেয় সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।**

কল্যাণ উপ-কমিটির ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(ক) ২০১৮ সনের ৩য় পর্যায়ে বাছাইকৃত শিক্ষাবৃত্তি খাতে কেন্দ্রীয় সমিতিসহ ৩২ জেলা শাখা সমিতিতে ১২৮ জন ছাত্র-ছাত্রীকে ৫,৯৭,৯০০/- (পাঁচ লক্ষ সাতানব্বই হাজার নয়শত) টাকা, এককালীন অনুদান খাতে কেন্দ্রীয় সমিতিসহ ১৮টি জেলা শাখা সমিতিতে ১২৮ জন সদস্যকে ২,৫৩,৮০০/-(দুই লক্ষ তেপ্পান্ন হাজার আটশত) টাকা এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দূর্যোগ খাতে কেন্দ্রীয় সমিতিসহ ৪৩টি জেলা শাখা সমিতিতে ৩৪৮ জন সদস্যকে ১৬,০১,৫০০/- (ষোল লক্ষ এক হাজার পাঁচশত) টাকা সর্বমোট ৬০৪ জনকে ২৪,৫৩,২০০/- (চব্বিশ লক্ষ তেপ্পান্ন হাজার দুইশত) টাকা মঞ্জুরী প্রদান।

(খ) জটিল ও ব্যয়বহুল চিকিৎসার ক্ষেত্রে প্রচলিত বরাদ্দ ৫,০০০/-( পাঁচ হাজার) টাকা অপ্রতুল বিবেচনায় বিশেষ ক্ষেত্রে বরাদ্দ সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মঞ্জুরী প্রদান।

**আলোচ্যসূচি- ১১ ঃ সমিতির জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ মাসের প্রাপ্তি ও প্রদান খাতের হিসাব বিবরণী পর্যালোচনা ও অনুমোদন।**

কার্যনির্বাহী কমিটির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক সমিতির জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ সময়ের প্রাপ্তি ও প্রদান খাতের হিসাব বিবরণী সভায় উপস্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি- ১২ ঃ সমিতি ভবনের পরিস্কার পরিচ্ছন্নতা কাজের জন্য ০১ (এক) জন দৈনিক ভিত্তিক কর্মচারী নিয়োগের বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন।**

সমিতি ভবনের পরিস্কার পরিচ্ছন্নতা কাজের পরিধি বিবেচনা করে ০১ (এক) জন দৈনিক ভিত্তিক কর্মচারী নিয়োগ ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি- ১৩ ঃ নূতন সদস্যভুক্তির আবেদনসমূহ বিবেচনা ও অনুমোদন।**

সমিতির পরিচালক (প্রশাসন) মোট ৮৬ জনের আবেদনের একটি তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে ৮৬ জন নতুন সদস্যকে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়টি অনুমোদন করা হয়।

**আলোচ্যসূচি- ১৪ঃ সমিতির চিকিৎসা কেন্দ্রের জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ মাসের চিকিৎসা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।**

সমিতির চিকিৎসা কেন্দ্রের জুলাই-সেপ্টেম্বর, ২০১৮ সময়ের চিকিৎসা প্রতিবেদন সম্পর্কে পরিচালক (কার্যক্রম) সকলের জ্ঞাতার্থে উপস্থাপন করলে উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্যসূচি- ১৫ঃ বিবিধ ঃ**

সভায় বিভিন্ন আলোচ্যসূচী সম্পর্কে সদস্যগণের বিভিন্ন অভিমত নিম্নে তুলে ধরা হলো ঃ

(ক) কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আব্দুল হাই বিভিন্ন বিষয়ে নিম্নোক্ত মতামত তুলে ধরেন ঃ

(১) সভায় অগ্রতির যে বিবরণ তুলে ধরা হয় সংশ্লিষ্ট ক্ষেত্রে উহার পূর্বের সভার অগ্রগতির বিবরণ সংযোজন করা দরকার।

(২) কার্যনির্বাহী কমিটির সভায় উপ-কমিটির সভাসমূহের সুপারিশসমূহ সংক্ষেপিত আকারে সংযোজন করলে সিদ্ধান্ত গ্রহণে সময়ক্ষেপণ পরিহার করা যাবে।

(৩) সমিতির নূতন ভবনে একটি হাসপাতাল স্থাপনের ব্যাপারে কনসালটেন্ট নিয়োগ করে একটি ডিপিপি তৈরী করতে হবে এবং হাসপাতালের জনকাঠামো সমিতির বর্তমান জনবল কাঠামো হতে ভিন্নতর হতে হবে।

(খ) জনাব মোঃ মাহে আলম প্রাক্তন সভাপতি ও বর্তমান সদস্য তাঁর বক্তব্যে জনবল কাঠামোতে নূতন পদ সৃষ্টির ব্যাপারে আরও পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন।

(গ) চট্টগ্রামের বিভাগীয় প্রতিনিধি সমিতির গরীব সদস্যদের পরিবারকে প্রয়োজনে দাফন-কাফনের অর্থ বরাদ্দের অনুরোধ করেন।

(ঘ) সমিতির বিভিন্ন সভায় উপস্থিতির জন্য সদস্যদের যাতায়াতভাতা বৃদ্ধির প্রস্তাব অর্থ বিষয়ক উপ-কমিটির মাধ্যমে সুপারিশ আকারে উপস্থাপনের জন্য সমিতির মহাসচিব জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর প্রস্তাব করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুল কাইউম ঠাকুর)
মহাসচিব

স্বাক্ষরিত/-
(আব্দুল্লাহ হারুন পাশা)
সভাপতি